



ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়

মাদ্রাসা পরিদর্শন দফতর

www.iau.edu.bd iauins13@gmail.com



বাড়ি নং-১২৪/৯০/০৩ ব্লক-বি, সড়ক নং-০২, ওয়েস্ট ধানমন্ডি, বহিলা, মোহাম্মদপুর, ঢাকা-১২৩১।

স্মারক নং- ইআবি/পরি/অধি-নবা/খু-৭৭/২০১৬/ ২৩৭৭৮

তারিখ:

২৩ মাঘ ১৪৩০ বঙ্গাব্দ
০৬ ফেব্রুয়ারী ২০২৪ খ্রিস্টাব্দ

অফিস আদেশ

ত্রিমোহিনী দারুল ইসলাম ফাজিল মাদরাসা, ডাকঘর: ত্রিমোহিনী, উপজেলা: কেশবপুর, জেলা: যশোর-এর ফাজিল স্নাতক (পাস) বি.এ/বি.এস.এস স্তর অধিভুক্তি নবায়নের বিষয়ে অধ্যক্ষের ১৫.০৩.২০২৩ খ্রি. তারিখের আবেদনের প্রেক্ষিতে ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের অনুসৃত অধিভুক্তি নবায়ন সংক্রান্ত বিধি অনুযায়ী গঠিত ০১ (এক) সদস্য বিশিষ্ট তদন্ত কমিটির দাখিলকৃত প্রতিবেদনের আলোকে ভাইস চ্যান্সেলর মহোদয়ের অনুমোদনক্রমে মাদরাসাটির ফাজিল স্নাতক (পাস) বি.এ/বি.এস.এস স্তর নিম্নবর্ণিত শর্তে ০১.০৭.২০২৩ খ্রি. থেকে ৩০.০৬.২০২৭ খ্রি. পর্যন্ত ০৪ (চার) বছরের জন্য অধিভুক্তি নবায়ন করা হলো।

শর্তসমূহ:

১. দ্রুত সময়ের মধ্যে অধ্যক্ষসহ শূন্য সকল পদে নিয়োগ সম্পন্ন করতে হবে।
২. সকল স্তরে শিক্ষার্থীর সংখ্যা বৃদ্ধি করে ক্লাস উপস্থিতি হার নিশ্চিত করতে হবে।
৩. শ্রেণিকক্ষে মূল কিতাবের ব্যবহার নিশ্চিত করতে হবে এবং শিক্ষার্থীদের মাতৃভাষার পাশাপাশি আরবি ও ইংরেজি ভাষা দক্ষ করে গড়ে তুলতে হবে।
৪. একাডেমিক কমিটি, অডিট কমিটি, বাজেট কমিটি ও আর্থিক কমিটির মাধ্যমে প্রশাসনিক কার্যক্রম নিশ্চিত করতে হবে।
৫. প্রতিষ্ঠানের মূলফটক ও সকল দাপ্তরিক চিঠিপত্র প্রেরণের ক্ষেত্রে “ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় অধিভুক্ত” কথাটি সন্নিবেশিত করতে হবে।
৬. ‘হৃদয়ে বঙ্গবন্ধু’ তথা বঙ্গবন্ধু কর্ণারকে আরো বই দ্বারা সমৃদ্ধ করে বঙ্গবন্ধুর আদর্শ ও দেশপ্রেম সম্পর্কে শিক্ষার্থীদের অবহিত করতে হবে।
৭. অধিভুক্তি নবায়নের মেয়াদ উত্তীর্ণ হওয়ার কমপক্ষে ০৮ (আট) মাস পূর্বে নবায়নের জন্য আবেদন করতে হবে।

ভাইস চ্যান্সেলর মহোদয়ের অনুমোদনক্রমে

(Dan) 06.02.2024

(ড. জাভেদ আহমাদ)

সহকারী পরিদর্শক (অতিরিক্ত দায়িত্ব)

ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়

মোবাইল নম্বর- ০১৭১৪ ২০২০৬৬

অধ্যক্ষ

ত্রিমোহিনী দারুল ইসলাম ফাজিল মাদরাসা

ডাকঘর: ত্রিমোহিনী, উপজেলা: কেশবপুর, জেলা: যশোর।

স্মারক নং- ইআবি/পরি/অধি-নবা/খু-৭৭/২০১৬/ ২৩৭৭৮

তারিখ:

২৩ মাঘ ১৪৩০ বঙ্গাব্দ
০৬ ফেব্রুয়ারী ২০২৪ খ্রিস্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি:

১. মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, গাইড হাউস (৭ম এক ১০ম তলা), নিউ বেইলি রোড, রমনা, ঢাকা-১০০০।
২. চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, বকশী বাজার, ঢাকা-১২১১।
৩. রেজিস্ট্রার, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, (একাডেমিক কাউন্সিলের সভায় রিপোর্ট করার জন্য)।
৪. ভাইস চ্যান্সেলরের একান্ত সচিব, (ভাইস চ্যান্সেলর মহোদয়ের সদয় অবগতির জন্য), ইআবি, ঢাকা।
৫. প্রো-ভাইস চ্যান্সেলরের একান্ত সচিব, (প্রো-ভাইস চ্যান্সেলর মহোদয়ের সদয় অবগতির জন্য), ইআবি, ঢাকা।
৬. আইসিটি শাখা, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
৭. সভাপতি, ত্রিমোহিনী দারুল ইসলাম ফাজিল মাদরাসা, ডাকঘর: ত্রিমোহিনী, উপজেলা: কেশবপুর, জেলা: যশোর।
৮. অফিস নথি।

(মোঃ জাহান উদ্দিন)

সেকশন অফিসার

মাদ্রাসা পরিদর্শন দফতর

মোবাইলঃ ০১৭২৪৮০৮৫২৪